

💵 আর-রাহীকুল মাখতূম

বিভাগ/অধ্যায়ঃ গাযওয়ায়ে বদরে কুবরা- ইসলামের প্রথম ফায়সালাকারী যুদ্ধ (مُعُرِكَةٍ مِنْ مَعْرِكَةٍ مِنْ)

রচয়িতা/সঙ্গলকঃ আল্লামা সফিউর রহমান মোবারকপুরী (রহঃ)

१. গাযওয়ায়ে বাহরান (غَزْوَةُ بُحْرَان):

এটা ছিল বড় সামরিক অভিযান যার সৈন্য সংখ্যা ছিল তিনশ জন। এ সেনাদল নিয়ে রাসূলুল্লাহ (ﷺ) তৃতীয় হিজরীর রবিউল আখের মাসে বাহরান নামক একটি অঞ্চলের দিকে গমন করেছিলেন। এটা হিজাযের মধ্যে ফারা সীমান্তে খনিজ সম্পদে সমৃদ্ধ একটি জায়গা। রাসূলুল্লাহ (ﷺ) সেনাবাহিনীর রাবিউল আখের ও জুমাদিউল উলা এ দু'মাস সেখানে অবস্থানের পর মদীনায় প্রত্যাবর্তন করেন। এ অভিযানে তাঁদেরকে কোন প্রকার যুদ্ধের সম্মুখীন হতে হয়নি।[1]

ফুটনোট

[1] ইবুন হিশাম ২য় খন্ড ৫০-৫১ পৃঃ, যা'দুল মা'আদ ২য় খন্ড ৯১ পৃঃ। এ গাযওয়ার কারণের ব্যাপারে মতানৈক্য রয়েছে। কথিত আছে, মদীনায় এ খবর পোঁছে যে, বনু সুলায়েম গোত্র মদীনা ও ওর আশেপাশে আক্রমণ চালাবার জন্যে খুব বড় রকমের সামরিক প্রস্তুতি গ্রহণ করছে। এটাও কথিত আছে যে, রাসূলুল্লাহ (সাঃ) কুরাইশদের কোন এক যাত্রীদলের সন্ধানে বের হয়েছিলেন। ইবনু হিশাম এ কারণেই বর্ণনা করেছেন। আর ইবনুল কাইয়েয়মও এটাই গ্রহণ করেছেন। তাই তিনি প্রথম কারণিট উল্লেখ করেননি। এটাই সত্য বলেও মনে হচ্ছে। কেননা, বনু সুলায়েম গোত্র ফারা এলাকায় বসবাসই করেনি বরং তারা নাজদের বাসিন্দা ছিল, যা ফারা হতে বহু দূরে।

Source — https://www.hadithbd.com/books/link/?id=6226

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন